APR. 08 2002

যুগান্তর

# শাবিতে ছাত্রদল নেতা অপহরণ!

**শাবি প্রতিনিধি**



ছাত্রদল নেতা হাবিব অপহরণের ঘটনায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দু'গ্রুপে উত্তেজনা দেখা দিয়েছে। হাবিব-রুবেল গ্রুপের হাবিব গত শনিবার রাত সাড়ে ১০টায় অপহরণ হয়। হাবিব-রুবেল গ্রুপের নেতাকর্মীরা দাবি করেছে ছাত্রদলের সিলেটি গ্রুপ এই অপহরণের সঙ্গে জড়িত। অভিযুক্ত গ্রুপ তাদের সম্পৃক্ততা অস্বীকার

**অপহরণ** : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

## অপহরণ : ছাত্রদল নেতা

(শেষ পৃষ্ঠার পর)

করেছে। গত রাত পর্যন্ত পুলিশি তদন্ত চলছিল। থানায় জিডি হয়েছে।

গত শনিবার রাত সাড়ে ১০টায় রসায়ন মাস্টার্সের ছাত্র হাবিবুর রহমান. হাবিবকে ৬/৭ যুবক শাহ পরান হলের ৩৩৬/ডি নম্বর কক্ষ থেকে ডেকে বাইরে নিয়ে যায়। সেখান থেকে তারা একটি সাদা প্রাইভেটকারে তাকে তুলে নেয়। গত রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত তার কোন হদিস পাওয়া যায়নি। হাবিবের বাড়ি নরসিংদী জেলার ব্রাহ্মণদিতে।

বিভিন্ন সূত্রে জানা যায়. সন্ধ্যা সাড়ে ৮টায় সিলেটি গ্রুপ নামের ছাত্রদলের অপর একটি গ্রুপের সিনিয়র নেতা আবু সালেহ চৌধুরী মোঃ ফাহিম ও জাবেদ আহমদের সঙ্গে রুম দখল নিয়ে হাবিবের কথা কাটাকাটি হয়। এর ২ ঘন্টা পরই হাবিব নিখোঁজ হয়। ফাহিম জানায়. ঘটনাটি সম্পূর্ণ সাজানো ও পরিকল্পিত।

শাবি প্রক্টর. প্রভোস্ট ও কয়েকজন শিক্ষক রাতেই হলে গিয়ে প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলেন। হলের কর্তব্যরত গার্ড ও ছাত্ররা ঘটনার সুস্পষ্ট বিবরণ দিতে পারেনি। পুলিশ বলছে. তদন্ত অব্যাহত রয়েছে। ওসি জিয়াউল কবিরের নেতৃত্বে এসআই নজরুল ও এসআই শাহ আলম ঘটনা তদন্ত করছেন। গত রাত পর্যন্ত থানায় মামলা হয়নি। তবে জিডি করা হয়েছে। ক্যাম্পাস ও হলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

## ভিসি : হাজী দানেশ